3867 100 Rs.

4084

INDIA NON JUDICIAL

১০০রু. Rs100

एक सौ रुपया ONE HUNDRED RUPEES

মং ৩২৫০.০০ তিন হাজার দুইশত পঞ্চাশ টাকা

মূল্যের সাফ বিক্রয় কোবালা ।

**কোবালা গ্রহিতা ঃ-** শ্রী কার্ত্তিক চন্দ্র বিশ্বাস, পিতা মৃত বিপিন বিহারী বিশ্বাস জাতি হিন্দু, পেশা চাকুরী, সাকিন এইচ।১ বাঘা যতীন, থানা যাদবপুর, কলিকাতা – ৭০০০৪৭।

ঃ

**কোবালা দাতা ঃ-** শ্রী সুবোধ রঞ্জন ঘোষ, পিতা মৃত রসিক লাল ঘোষ, জাতি হিন্দু, পেশা অবসর প্রাপ্ত, সাকিন ৪।৭৯ চণ্ডীতলা লেন, থানা টালিগঞ্জ, কলিকাতা – ৭০০০৪০, পক্ষে ক্ষমতা প্রাপ্ত আমমোক্তার শ্রী চুনীলাল বসু, পিতা মৃত উমেশ চন্দ্র বসু, জাতি হিন্দু, পেশা অবসর প্রাপ্ত, সাকিম ই৭ আকড়া দক্ষিনী ষ্টেট, থানা মহেশতলা জিলা ২৪ পরগণা ।

ঃ

কস্য রায়ত, দখলি স্বত্বের স্বত্ব বিশিষ্ট শালি জমি জমা মায় আকর

4233

29/11/55 1000/-
Haridas Ch. Biswas
of 18 Baghajati
(Cur-4)
Identified by ...

4233 = 1000/-
4234 = 400/-
4235 = 54/-
4237 = 3/10
4 = 1457/10

Dele ... 1957
Chuni Lal Basu
... Ghosh.

...

Ident-
Chuni Lal Basu
... Naresh Ch. Basu
of 57, Akra Dakshin Stale
Nafestala
Retired as Constituted
Attorney for Subodh Ghosh.
is dated by ...

Chuni Lal Basu
Constituted Attorney
for Sri Subodh Ranjan
Ghose.

4083

Chuni Lal Basu
constituted Attorney
for Sri Subodh Ranjan
Ghose

Amarindra Nath Ghosh

Ident
Amarendra Nath Ghosh.
... Sri ... Ranjan Ghosh.
of Laskarpur (Garia)

...

... 29/12/55

40 RS.

চালীস রুপয়া

৪০রু.　40RS.

भारत

INDIA

FORTY RUPEES

॥ ২ ॥

Chunilal Bose
Constituted Attorney
for Sri Subodh Ranjan
Ghose.

আকর আওলাতাদি সহ সর্ব্বপ্রকার ব্যবহারিক ও ইজমেন্ট বর্ত্ম স্বত্ব দরবস্ত হক হকুক নির্দ্দায় নির্দ্দোষ মুক্তাবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে-

জেলা ২৪ পরগণা, থানা সোনারপুর, সাবরেজিষ্ট্রী সোনারপুর, অঞ্চল পঞ্চায়েতের এলাকা ভুক্ত অত্র জেলা কালেক্টারীর জে, এল, নং ৫৭ মৌজা লস্করপুর গ্রামে হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে রেকর্ডের স্বত্ব লিপিতে চুড়ান্ত ভাবে প্রকাশিত ও প্রচারিত এবং নিস্কর জমা ভুক্ত ৩৭ নং খতিয়ানে লিখিত ৫৭২ নং দাগের মধ্যে বাংলা মাপে মাপ সুরত ⁄৪⁄১৫ চারি কাঠা এক ছটাক পনের স্কোয়ার ফিট খালি জমি আমি অত্র কোবালা দাতা বিগত ইং ১২।৩।১৯৬০ তারিখে মোকাম আলিপুর প্রথম সাবওডিনেট জজ আদালতে ৩৫।৬০ নং টাইটেল মোকর্দ্দমার বাদী থাকিয়া উক্ত মোকর্দ্দমা পরিচালনে বিবাদীগণের সহিত এক চুড়ান্ত বন্টন ব্যবস্থা হয়। উক্ত মোকর্দ্দমায় এস, কে, মিত্র

প্রকাশ থাকে যে, আপনি আপনার নিজ নাম পত্তনের জন্য আমার কোন


4234

25/11/35 408—

Kanti Ch. Biswas

H. 18 Raghujatin (sec. 4)

Prakash Kr Dey




॥ ৩ ॥

Cheni Lal Basu
Constituted Attorney
for Sri Subodh Ranjan
Ghose

মিত্র সাবজজ সাহেব মহাশয় বাদী পক্ষের আইনজ্ঞ রাম শঙ্কর মজুমদার এবং বিবাদী ২।৩ নং পক্ষের আইনজ্ঞ জ্যোতিষ চন্দ্র মিত্র মহাশয় গণের সন্মুখে সোলে নামার সুত্রে চুড়ান্ত প্রকাশিত চুড়ান্ত নিষ্পত্তি হইয়া উল্লিখিত মোকর্দ্দমায় সোলে সুত্রে নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া ষোল আনা রকমে নির্ব্যূঢ় স্বত্বে মালিক স্বরূপে অন্যের বিনা স্বত্বে সংশ্রবে নির্ব্বিবাদে নির্দায় নির্দ্দোষ মুক্ত বিস্বায় পরম সুখে কালেক্টারীতে নাম পত্তনাদি ক্রমে স্বীয় হিস্যামত খাজনা ট্যাক্সাদি আদায়ে ভোগবান ও দখলে দখলিকার আছি ও হইতেছি। উক্ত বা নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তি আমারই একমাত্র বিক্রয় বা যে কোনরূপ হস্তান্তর ও রূপান্তর এবং অবস্থান্তর করিবার ক্ষমতা আছে।

এক্ষণে নানাবিধ বৈধ সঙ্গত কারণে এক কালীন নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় নিম্ন তপশীল বর্ণিত জমি জমা মবলগে ৩২৫০.০০ তিন হাজার দুইশত পঞ্চাশ টাকা মুল্যে বিক্রয়ের সোহরত করিলে আপনি তাহা অবগত হইয়া

প্রকাশ থাকে যে, আপনি আপনার নিজ নাম পত্তনের জন্য আমার কোন




॥ ৪ ॥

Cheni Lal Basu
Constituted Attorney
for Sri Subodh
Ranjan Ghose

হইয়া উক্ত জমি জমা দেখিয়া উপযুক্ত বিচার করিয়া বাজারোচিত সর্ব্বোচ্চ উক্ত নির্দ্ধারিত মূল্যে খরিদ করিতে রাজি থাকিয়া আমার নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমি আপনার প্রস্তাবিত মূল্যে বিক্রয় করিতে রাজি থাকিয়া অদ্যরেজিষ্ট্রী অফিসে উপস্থিত হইয়া পন মূল্যের সমুদয় ৩২৫০.০০ তিন হাজার দুইশত পঞ্চাশ টাকা নিম্ন জায় মোতাবেক বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে আপনার দ্বারা প্রস্তুত অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা সহি সম্পাদন করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে, উক্ত বা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত বিক্রিত জমি জমাতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, লভ্য, দখল, অধিকার, হক, হকিয়ত বিদ্যমান ছিল বা আছে তৎসমুদয় আমা হইতে লোপ ও রহিত হইয়া আপনার খরিদা স্বত্বে বর্ত্তিল ও অর্শিল। আপনি আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার হইয়া পরম সুখে আপন খুসিতে যদৃচ্ছামত পুত্র কন্যা ওয়ারিশান গণ ও স্থলাভিষিক্ত গণ ক্রমে নির্ব্যূঢ় স্বত্বে ষোল আনা রকমে

প্রকাশ থাকে যে, আপনি আপনার নিজ নাম পত্তনের জন্য আমার কোন

28/11/18 Bhoom

Kartick Ch. Biswas

H-78 Bagha Jatin (Cal-4)

Chuni Lal Basu
Constituted Attorney
for Sri Subodh Ray
Ghose

রুকমে মালিক থাকিয়া অন্যের নিরাংশে বিনা স্বত্ব সংশ্রবে সকল প্রকার দান, বিক্রয় ,হস্তান্তর, রূপান্তর অবস্থান্তর করণের ক্ষমতা যুক্তেযুক্ত হইয়া ইমারতাদি নির্ম্মাণের অবাধ অধিকারে জমিদার হাল মালেক পশ্চিম বঙ্গ রাজ্য সরকারের অধিন ২৪ পরগণা জেলা কালেক্টারীর সেরেস্তায় ও স্থানীয় শায়ত্বশাসন অফিসে আমার নাম খারিজে আপনার নিজ নাম পত্তন ক্রমে খাজনাদি আদায়ে নির্ব্বিবাদে ভোগবান করিতে থাকুন, তাহাতে আমি বা আমার কোন ওয়ারিশান ও স্থলবর্ত্তীগণ বা অপর কেহ কে কেহ কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করি কিংবা কেহ করে তবে সদা সর্ব্বদা সর্ব্বাদালতে ফৌজদারী ও দেওয়ানী উভয়বিধ আদালতে অগ্রাহ্য ও বাতিল গণ্যে অত্র দলিল বলবৎ রহিবে ও থাকিবে ।

তপশীল বিক্রিত জমি জমাতে আমি ইতি পূর্ব্বে দান,বিক্রয়,বন্ধক মৌরসী মেয়াদি, বেময়াদি প্রজাবিলির দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই, বা উহা কোন পীরোত্তর ট্রাষ্ট বা ওয়াকফ যেষ্টটের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে ,বা উহাতে কোন লিয়েন বা চার্জ্জ নাই,বা কোন মালি মোকর্দ্দমা চলিত বা পেণ্ডিং নাই, বা কোন মালি মোকর্দ্দমার বিষয়ীভূত সম্পত্তি নহে,বা কাহারও খোর পোষের জমানতে আবদ্ধ নাই, উহার সম্পূর্ণ বা আংশিক ল্যাণ্ড এ্যাকুইজিশান, পাবলিক ওয়ার্কস ,সি,এম,ডি,এবা কোন প্রতিষ্ঠান কর্ত্তৃক অধিকৃত নহে ,বা হইবার জন্য আমার উপর কোন নোটীশ জারি হয় নাই, উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব রহিয়াছে,এবং তদাবস্থায় আপনাকে বিক্রয় করিলাম । আপনি বর্ত্তমান সর্ব্বোচ্চ বাজার মুল্যে উক্ত বর্ণিত সম্পত্তি খরিদ করিলেন ।

প্রকাশ থাকে যে, আপনি আপনার নিজ নাম পত্তনের জন্য আমার কোন

Chuni Lal Basu
Constituted Attorney
for Sri Subodh Ranjan
Ghose

কোন সাহায্য করিবার বা সম্মতি দিবার আবশ্যক হইলে অত্র কোবালা উক্ত সম্মতি বলিয়া গণ্য হইবে। পৃথক ভাবে আবশ্যক হইলে বিনা ওজরে বিনা শৈথিল্যে পুনরায় কোন পন বা পারিশ্রমিক না লইয়া আপনার খরচে আপনার তলবে উপস্থিত হইয়া আবশ্যকীয় সম্মতি দিতে ও সাহায্য করিব।

আরও প্রকাশ থাকে যে, আমার উক্ত উক্তিগুলির কোনও একটি উক্তি মিথ্যা বা তঞ্চকি প্রমানিত হইয়া আপনার খরিদা স্বত্ব বা দখলের কোন বাধা বিঘ্ন উপস্থিত হইলে আমি মায় ওয়ারিশান গণ ক্রমে মাফিক আইন আমলে আসিয়া পনের যাবতীয় টাকা মায় ক্ষতি খেসারত পুরণ করিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোন ভুল চুক ত্রুটি বিচ্যুতি প্রকাশ পাইয়া উহা সংশোধনার্থে কোন সংশোধনী বা পরিপুরক দলিল করিবার আবশ্যক হয় তাহা বিনা ওজরে বিনা শৈথিল্যে পুনরায় কোন পারিশ্রমিক না লইয়া আপনার তলবে [illegible] উপস্থিত হইয়া এক বা একাধিক সংশোধনী ও পরিপুরক দলিল করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় স্বজ্ঞানে অত্র দলিলের লিখিত বক্তব্য ও মর্ম্ম সকল হৃদয়ঙ্গম বা অবগত হইয়া পণ মুল্যের ৩২৫০.০০ তিন হাজার দুইশত পঞ্চাশ টাকা নিম্ন জায় মোতাবেক নগদ এক কালীন বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে আপনার দ্বারা প্রস্তুত অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিলে সহি স্বাক্ষর করিয়া দিয়া রেজিষ্ট্রী করিয়া কোবালা সম্পাদন করিলাম। ইতি সন ১৩৮৬ সালের ১৬ ই অগ্রহায়ণ, ইংরাজী সন ১৯৭৯ সালের ৩রা ডিসেম্বর।

Chuni Lal Basu
Constituted Attorney
for Sri Subok Ranjan
Ghose



তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় ঃ-
ও তাহার চৌহদ্দি -

জেলা ২৪ পরগণা, সাবরেজিষ্ট্রী সোনারপুর, অঞ্চল পঞ্চায়েতের এলাকাধিন অত্র জেলা কালেক্টারীর ৩- ৫ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ১৭৪, পরগণা মাগুরা, জে, এল, নং ৫৭ মৌজা লস্করপুর গ্রামে ৪ নং বিধি মতে রায়ত দখলি স্বত্বের স্বত্ব বিশিষ্ট শালি জমি হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে ৩৭ নং খতিয়ানে রেকর্ডের স্বত্ব লিপিতে আমার নামে চুড়ান্ত ভাবে প্রকাশিত ও প্রচারিত এবং বর্ণিত ৩৫।১৯৬০ নং পার্টিশান মোকদ্দমায় সোলে সুত্রে প্রাপ্ত সম্পত্তির মধ্যে ৫৭২ পাঁচশত বাহাত্তর দাগের মধ্যে বাংলা মাপে মাপ সুরত কমবেশী /৪/১৫ চারি কাঠা এক ছটাক পনের স্কোয়ার ফিট শালি জমি জমা মায় সর্ব্বপ্রকার ব্যবহারিক ইজমেন্ট বর্ত্ত স্বত্ব আমি নির্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় নির্ব্যূঢ় স্বত্বে ষোল আনা রকমে মালিক থাকিয়া ভোগদখলে আছি, তাহাই অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালার বিক্রিত সম্পত্তি হইতেছে । উক্ত নিস্কর সম্পত্তি হইতেছে ।

তপশীল চৌহদ্দি ঃ-

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ- | ৫৭৬ দাগের জমি । |
| দক্ষিণে | ঃ- | ৫৭২ দাগের জমি । |
| পুর্ব্বে | ঃ- | অন্যের জমি । |
| পশ্চিমে | ঃ- | ৫৭৩ নং দাগের জমি । |

তপশীল টাকার জায় ঃ-

॥ ৮ ॥

Chuni Lal Basu
constituted attorney
for Sri Subodh Ranjan
Ghose

তপশীল টাকার জায় ঃ-

অদ্য তারিখে নোটে ও নগদে প্রাপ্ত - - - ৩২৫০·০০ টাকা

মোট - ৩২৫০·০০ টাকা মাত্র,

সবলগে তিন হাজার দুইশত পঞ্চাশ টাকা নগদ বুঝিয়া পাইলাম ।

Chuni Lal Basu

ইসাদী ঃ-

Amarendra Nath Ghosh
Raskarpur
Garia

Harendranath Chakraborty
3/12, Bidyasagar uponibesh.
Cal-47.

টাইপকারক ঃ-

শ্রী [illegible]
আলিপুর পুলিশ কোর্ট,

কলিকাতা - ৭০০০২৭।